টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড,
টংগী, গাজীপুর-১৭১০।

**কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ)**

**(অভ্যন্তরীণ ক্রয়)**

(মূল্যসীমা ১০ লক্ষ টাকা পর্যন্ত)

[কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি]

**টেশিসের মেকানিক্যাল লিফট এর রুটিন মেইন্টেন্যান্স কাজ বাস্তবায়নের জন্য দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।**

কোটেশন নম্বর: ১৪.৩৬.০০০০.০৪০.০০২.১০.২০.০৩/০১ তারিখ: ০৩.০৮.২০২২ খ্রিঃ

পি ডব্লিউ-১ (আরএফকিউ)

কোটেশন নম্বর: ১৪.৩৬.০০০০.০৪০.০০২.১০.২০.০৩/০১ তারিখ: ০৩.০৮.২০২২ খ্রিঃ

প্রতি

----------------

----------------

----------------

১। **টেলিফোন শিল্প সংস্থা লিঃ(টেশিস) , টঙ্গী, গাজীপুর-১৭১০** এর নিজস্ব তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২। দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে **মেকানিক্যাল লিফট** এর বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে। দরদাতাকে যে কোন মেকানিক্যাল বা অটো লিফট রক্ষণাবেক্ষণ কাজের সর্বনিম্ন ৩ (তিন) বছরের অভিজ্ঞাতা থাকিতে হইবে এবং প্রমানক সংযুক্ত করিতে হইবে।

৩। ইউনিট-রেটের (মাসিক রক্ষণাবেক্ষণ চার্জ) ভিত্তিতে কোটেশন আহ্বান করা হইল।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনে (যদি কার্যাদেশ দেওয়া হয়) কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম বা ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে [১১.০৮.২০২২ খ্রিঃ দুপুর ১২:৩০ মিনিট] বা ইহার পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে **"টেশিসের মেকানিক্যাল লিফট এর রুটিন মেইন্টেন্যান্স কাজ ] এর জন্য কোটেশন এবং [১১.০৮.২০২২ খ্রিঃ, দুপুর ১২:৩০] এর পূর্বে খোলা যাইবে না"** লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। নির্ধারিত বা উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী গ্রহণযোগ্য ও যৌক্তিক কারণে কোটেশন দাখিলের সময়সীমা অনধিক ১০ দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯।   রক্ষণাবেক্ষণ সেবার পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (বিওকিউ) অনুযায়ী কোটেশন দাখিল করিতে হইবে।

১০।   কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম **[৩০]** দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকিবে।

১১।   দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হইবে না।

১২।   যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩।   উদ্ধৃত দর টাকায় উল্লেখ করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় করিতে হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৪।   দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ **ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN) নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর** এবং **কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সচ্ছলতার সনদসংক্রান্ত** (প্রযোজ্য ক্ষেত্রে) হালনাগাদ দলিলপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫।   মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য, দলিলপত্রে ও একক সর্বনিম্ন দরের উপর ভিত্তি করিয়া কোটেশন মূল্যায়ন করিবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৬।   একক দর ভিত্তিতে কোটেশন দাখিলের ক্ষেত্রে, একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর বা মূল্য প্রাধান্য পাইবে। কথায় ও সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে, কথায় লিখিত দর বা মূল্য প্রাধান্য পাইবে। থোক মূল্যের ভিত্তিতে কোটেশন মূল্য উদ্ধৃতির ক্ষেত্রে, যদি সংখ্যা ও কথার মধ্যে ব্যতিক্রম পাওয়া যায়, তাহা হইলে কথায় লিখিত মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক গাণিতিক সংশোধনের ক্ষেত্রে, দরপত্রদাতা গাণিতিক সংশোধন গ্রহণে বাধ্য থাকিবে।

**১৭।** দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সহিত সংযুক্ত শর্ত সাপেক্ষে অন-কল ভিত্তিক রক্ষণাবেক্ষণ চুক্তি সম্পাদিত হইবে। ক্রয়কারীর নিকট হতে ব্যবহৃত মেকানিক্যাল লিফট-এর ত্রুটি সংক্রান্ত বিষয়ে কোন অভিযোগ পাওয়ার পর যথাশীঘ্র (তবে ২ দিনের বেশি নয়) সম্ভব ঠিকাদার প্রতিষ্ঠান ত্রুটি নিরসনের জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ জনশক্তি প্রেরন করিবে এবং সচলকরনের ব্যবস্থা লইবে। লিফটের জন্য প্রয়োজনীয় যাবতীয় খুচরা যন্ত্রাংশ প্রাপ্যতা সাপেক্ষে নির্ধারিত মূল্যে ঠিকাদার প্রতিষ্ঠান সরবরাহ নিশ্চিত করিবে। যাহার মূল্য ক্রয়কারী বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করিবে। এছাড়া প্রতি মাসে সর্বনিম্ন ১ (এক) বার লিফটি পরিদর্শণ/ রক্ষণাবেক্ষণ করে প্রতিবেদন সংস্থা প্রদানের দপ্তরে দাখিল করিতে হইবে।

১৮। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে চুক্তি স্বাক্ষর করিবার জন্য কৃতকার্য দরপত্রদাতাকে আমন্ত্রণপত্র জারি করা হইবে। আমন্ত্রণপত্র জারি হইবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে চুক্তি স্বাক্ষর করিতে হইবে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

03/08/2022

-----------------------------------------------

নাম: মোঃ মিজানুর রহমান মোল্লা
পদবি : উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)
তারিখ : ০৩.০৮.২০২২ খ্রিঃ
ঠিকানা : টেলিফোন শিল্প সংস্থা লিঃ, ৩য় তলা, প্রধান কার্যালয়, টঙ্গী, গাজীপুর।
ফোন নম্বর : ০২-২২৪৪১১৬৪০, ফ্যাক্স নম্বর : ০২-২২৪৪১২৭০০
ই-মেইল : mizanmollah.tss@gmail.com

**বিতরণ:**

১. প্রশাসনিক বিভাগ/ শাখা, এ্যাটলাস মটরস্ লিঃ -এর জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য।
২. প্রশাসনিক বিভাগ/ শাখা, ন্যাশনাল টিউবস্ লিঃ অবগতি ও বহুল প্রচারের জন্য।
৩. সহকারী প্রোগ্রামার, টেশিস ওয়েস সাইটে প্রকাশের জন্য।
৪. নোটিশ বোর্ড।
৫. দাপ্তরিক নথি।

**কোটেশন দাখিলপত্র**

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন নম্বর: ১৪.৩৬.০০০০.০৪০.০০২.১০.২০.০৩/০১ তারিখ: ০৩.০৮.২০২২ খ্রিঃ

প্রতি

উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)

ঠিকানা : টেলিফোন শিল্প সংস্থা লিঃ, ৩য় তলা, প্রধান কার্যালয়, টঙ্গী, গাজীপুর।

ফোন নম্বর : ০২-২২৪৪১১৬৪০, ফ্যাক্স নম্বর : ০২-২২৪৪১২৭০০

ই-মেইল : mizanmollah.tss@gmail.com

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, টেশিসের মেকানিক্যাল লিফট এর রুটিন মেইন্টেন্যান্স কাজ বাস্তবায়নের জন্য রক্ষণাবেক্ষণ সেবা চুক্তির শর্তাবলি অনুসারে সম্পাদন করিবার জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য: টাকা কথায়ঃ

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা ইহা মানিতে বাধ্য থাকিব। আরএফকিউ এর বৈধতার মেয়াদ অতিক্রম হইবার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা (Legal Capacity) রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/ আমরা অনুচ্ছেদ ২৮(ঙ) তে বর্ণিত চুক্তির শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ননামে একটির বেশি কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, যতক্ষণ না আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হইবে, ততক্ষণ চুক্তি স্বাক্ষরের জন্য আপনার লিখিত পত্র আমাদের উপর বাধ্যকর হইবে।

আমি/আমরা [০৩.০৮.২০২২ খ্রিঃ] তারিখে আপনার জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলপত্র (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমার/আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর

তারিখ :

একক দরের ভিত্তিতে

## কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (BoQ)

কোটেশন নম্বর: ১৪.৩৬.০০০০.০৪০.০০২.১০.২০.০৩/০১ তারিখ: ০৩.০৮.২০২২ খ্রিঃ

| আইটেম নম্বর | বিবরণ | একক | পরিমাণ | দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত একক দর বা মূল্য (ভ্যাট/আইটিসহ) | | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যায় | কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = ৪X৫ |
| ১/ | টেশিসের মেকানিক্যাল লিফট এর রুটিন মেইন্টেন্যান্স কাজ। | মাস | ১২ (বারো) | | | |
| | | | | | সর্বমোট মূল্য (সংখ্যায় ও কথায়) | |

* ছক (ফরম্যাট) নির্ধারণ করিবার পূর্বে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ (৫) এবং ব্যবহারের নির্দেশনা নোটের ৪ নং অংশ দেখা যাইতে পারে।

[সংখ্যা লিখুন] টি সংশোধনী যাহা কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণের) বিওকিউ( এই পৃষ্ঠায় আমার/আমাদের দ্বারা যথাযথভাবে অনুস্বাক্ষরিত হইয়াছে৷ আমার/আমাদের প্রস্তাব [১১.০৯.২০২২] পর্যন্ত বৈধ থাকিবে।

দরপত্রদাতার স্বাক্ষর ও সিল

তারিখ: দিন/মাস/বৎসর

নোট **(এই পদ্ধতিটি যথাযথ বলিয়া বিবেচিত হইলেই ব্যবহার করুন):**

১। স্বল্পমূল্য ও সাধারণ এবং কাজের সকল উপাদান প্রাক্কলন করা যাইতে পারে, তবে সঠিকভাবে নির্ধারিত নহে।

২। সম্পাদিত কার্যের মূল্য পরিশোধ পুনঃপরিমাপ পদ্ধতিতে করা হইবে।

৩। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৫, ৬ ও ৭ দরপত্রদাতা পূরণ করিবে।

[ক্রয়কারীর নাম ও ঠিকানা]

চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণপত্র
[পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩ (৫)]

কোটেশন নম্বর: ১৪.৩৬.০০০০.০৪০.০০২.১০.২০.০৩/০১ তারিখ: ০৩.০৮.২০২২ খ্রিঃ

স্মারক নম্বর : ________________ তারিখ : দিন/মাস/বৎসর

প্রতি
**[ঠিকাদারের নাম ও ঠিকানা]**

আপনাকে এই মর্মে অবহিত করা হইতেছে যে, **টেশিসের মেকানিক্যাল লিফট এর রুটিন মেইন্টেন্যান্স কাজ বাস্তবায়নের** জন্য আপনার [তারিখ লিখুন] তারিখের কোটেশনের পরিপ্রেক্ষিতে যথাযথ সংশোধিত চুক্তিমূল্যে [সংখ্যা ও কথায় মূল্য লিখুন] উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে।

আপনাকে এই আমন্ত্রণপত্র ইস্যু হইবার [৭ কার্যদিবস ] দিনের মধ্যে, তবে কোনোক্রমেই [তারিখ লিখুন] তারিখের পরে নহে, নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তি স্বাক্ষরের জন্য উপস্থিত থাকিতে অনুরোধ করা হইতেছে।

কেবল চুক্তি স্বাক্ষরের পর আপনি সেবা বাস্তবায়ন শুরু করিতে পারিবেন। আপনাকে আরও অবগত করা হইতেছে যে, এই আহ্বানপত্র চুক্তিসম্পাদনের শর্ত হিসাবে গণ্য হইবে যাহা আইনগতভাবে আপনার জন্য বাধ্যতামূলক।

এতৎসঙ্গে খসড়া চুক্তি ও অন্যান্য দলিল আপনার পর্যবেক্ষণের জন্য সংযুক্ত করা হইল।

| | |
|---|---|
| | উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)<br>ঠিকানা : টেলিফোন শিল্প সংস্থা লিঃ,<br>৩য় তলা, প্রধান কার্যালয়, টঙ্গী, গাজীপুর।<br>ফোন নম্বর : ০২-২২৪৪১১৬৪০, ফ্যাক্স নম্বর : ০২-২২৪৪১২৭০০<br>ই-মেইল : mizanmollah.tss@gmail.com |
| সংযুক্তি : খসড়া চুক্তি | তারিখ : দিন/মাস/বৎসর |

# চুক্তিপত্র

এই চুক্তিপত্র উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) টেলিফোন শিল্প সংস্থা লিঃ, ৩য় তলা, প্রধান কার্যালয়, টঙ্গী, গাজীপুর (অতঃপর ক্রয়কারী হিসাবে অভিহিত) একপক্ষ এবং [ঠিকাদারের নাম ও ঠিকানা] (অতঃপর ঠিকাদার হিসাবে অভিহিত) অন্যপক্ষের মধ্যে [বৎসর] সালের [মাস] মাসের [তারিখ] তারিখে সম্পাদিত।

যেহেতু ক্রয়কারী সুনির্দিষ্ট কার্য ও ভৌতসেবার অর্থাৎ (কার্য ও ভৌতসেবার সংক্ষিপ্ত বর্ণনা) এর জন্য কোটেশন আহ্বান করিয়াছেন এবং ঠিকাদার কর্তৃক [অঙ্কে ও কথায় চুক্তিকৃত দর] (অতঃপর চুক্তি দর হিসাবে অভিহিত) উক্ত কার্য ও ভৌতসেবা সরবরাহ করিবার জন্য কোটেশন গৃহীত হইয়াছে;

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি চুক্তিবদ্ধ উভয়পক্ষ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান প্রযোজ্য হইবে।

৩। ঠিকাদার চুক্তি স্বাক্ষরিত হওয়ার দিন হতে সেবা প্রদানের কাজ শুরু করতে পারিবেন এবং আগামী ১ বছর (চুক্তির মেয়াদ পর্যন্ত) সেবা প্রদানে ব্যাধ্য থাকিবেন।

৪। ঠিকাদার অবিলম্বে ক্রয়কারীকে সেবা প্রদানের একটি কর্মসূচি দাখিল করিবে যাহাতে সেবা প্রদানের বিস্তারিত বর্ণনা উল্লেখ থাকিবে।

৫। ক্রয়কারীর নিকট হইতে ব্যবহৃত মেকানিক্যাল লিফট-এর ত্রুটি সংক্রান্ত বিষয়ে কোন অভিযোগ পাওয়ার পর যথাশীঘ্র সম্ভব ঠিকাদার প্রতিষ্ঠান ত্রুটি নিরসনের জন্য দক্ষ জনশক্তি প্রেরন করিবে এবং সচলকরনের ব্যবস্থা লইবে। লিফটের জন্য প্রয়োজনীয় যাবতীয় খুচরা যন্ত্রাংশ প্রাপ্যতা সাপেক্ষে নির্ধারিত মূল্যে ঠিকাদার প্রতিষ্ঠান সরবরাহ নিশ্চিত করিবে। যাহার মূল্য ক্রয়কারী বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করিবে।

৬। অত্র চুক্তিপত্রের মেয়াদ স্বাক্ষরের তারিখ হতে ১ বছরের জন্য বলবৎ থাকিবে। তবে ক্রয়কারী কর্তৃপক্ষ সেবা মানের উপর ভিত্তি করে চুক্তির মেয়াদ বর্ধিত করিতে পারিবে।

৭। ক্রয়কারী ঠিকাদার কর্তৃক কাজসমূহ পরীক্ষা ও সত্যায়িত করিবে এবং সনাক্তকৃত যেকোনো ত্রুটি সম্পর্কে ঠিকাদারকে অবগত করিবে।

৮। কোনো টেস্টিং ও পরীক্ষা সত্ত্বেও, ক্রয়কারী চাক্ষুষ পরিদর্শন বা মাঠ পর্যায়ের পরীক্ষা দ্বারা ঠিকাদারকে নিম্নোক্ত নির্দেশ প্রদান করিতে পারিবে:

(ক) চুক্তি অনুযায়ী হয় নাই এমন রক্ষণাবেক্ষণ অংশের অপসারণ ও প্রতিস্থাপন;
(খ) চুক্তি অনুযায়ী হয় নাই এমন রক্ষণাবেক্ষণ অংশের অপসারণ ও পুনঃসম্পাদন ; এবং
(গ) ব্যবহৃত লিফটের নিরাপত্তার জন্য জরুরিভাবে প্রয়োজনীয় যেকোনো কার্য সম্পাদন।

৯। ঠিকাদার প্রতি মাসে সর্বনিম্ন ১ (এক) বার লিফটি পরিদর্শণ/ রক্ষণাবেক্ষণ করে প্রতিবেদন সংস্থা প্রদানের দপ্তরে দাখিল করিতে হইবে।

১০। ঠিকাদার প্রযোজ্য আইনের অধীন সকল কর, শুল্ক, ফি এবং অন্যান্য লেভি পরিশোধের জন্য সম্পূর্ণরূপে দায়ী থাকিবে।

১১। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে ক্রয়কারী কর্তৃপক্ষ বছর শেষে অথবা বছরে সমান দুই ভাগে চুক্তি মূল্য পরিশোধ করিতে পারিবে।

১২। ঠিকাদারের দর বা মূল্যে মুনাফা, ওভারহেড, সকল ধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। মোট চুক্তিমূল্য [সংখ্যায় ও কথায়] টাকা।

১৪। রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনের ক্ষেত্রে লিফটের জন্য অতিরিক্ত যন্ত্রাংশ প্রয়োজন হলে ঠিকাদার নির্ধারিত মূল্যে ক্রয়কারীকে সরবরাহ ও স্থাপন করিবে। ক্রয়কারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত অতিরিক্ত যন্ত্রাংশের জন্য বাজারদর যাচাইয়ান্তে বিল পরিশোধ করিবে।

১৫। প্রয়োজন হইলে ক্রয়কারী বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনসমূহ মূল চুক্তিতে সংযোজন করিয়া পরবর্তী সময়ে চুক্তি সংশোধন করিতে পারিবে।

১৬। ঠিকাদার নোটিশের মাধ্যমে ক্রয়কারীর নিকট কার্য সমাপ্তির সনদ ইস্যুর জন্য আবেদন করিবে এবং ক্রয়কারীও কার্য যথাযথভাবে সম্পন্ন হওয়া সাপেক্ষে উহা জারি করিবে।

১৭। ঠিকাদার রক্ষণাবেক্ষণ সেবা প্রদানের সময় ক্রয়কারীকে সকল প্রকার ক্ষতি হইতে রক্ষা করিবে ও দায়মুক্ত রাখিবে এবং তাহার নিজের সম্পত্তির বা জীবনের, তাহার শ্রমিক বা কর্মীর ক্ষতি, ক্রয়কারী অথবা যেকোনো তৃতীয় পক্ষের যেকোনো কর্মীর কার্য সম্পাদনের সময় উদ্ভূত যেকোনো দাবি তাহার নিজের খরচে ও দায়িত্বে নিষ্পত্তি করিবে।

১৮। সেবা প্রদানের শুরুর তারিখ হইতে চুক্তির মেয়াদ পর্যন্ত যদি ঠিকাদারের কারণে লিফটের মধ্যে অন্তর্ভুক্ত কার্য বা উপকরণের ক্ষয়-ক্ষতি হয়, তাহা হইলে ঠিকাদার উহা নিজস্ব খরচে মেরামত করিবে।

১৯। ক্রয়কারী ঠিকাদারকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে যেকোনো সময় সম্পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করিতে পারিবে, যদি ঠিকাদার :

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর বা সেবা প্রদান শুরু না করিতে পারে;
(খ) প্রতিশ্রুতি মোতাবেক সেবা প্রদানে ব্যর্থ হয়;
(গ) নকশা, অঙ্কন ও বিনির্দেশ অনুযায়ী সেবা প্রদানে ব্যর্থ হয়;
(ঘ) ক্রয়কারীর লিখিত/মৌখিক অভিযোগ প্রাপ্তির পর অভিযোগে উল্লিখিত ত্রুটি সংশোধন না করে;
(ঙ) ক্রয়কারীর বিবেচনায় রক্ষণাবেক্ষণ কাজে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যে লিপ্ত থাকে; এবং
(চ) চুক্তি অনুসারে অন্যান্য বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হয়।

২০। চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত সকল সম্ভাব্য মতবিরোধ ক্রয়কারী ও ঠিকাদার আপসে মীমাংসা করিবার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২১। ঠিকাদার পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এ উল্লিখিত দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যাদি সম্পর্কিত বিধান সম্পর্কে সচেতন থাকিবে ও অনুরূপ কার্যের জন্য দায়ী হইবে।

| | ক্রয়কারীর জন্য | ঠিকাদারের জন্য |
|---|---|---|
| স্বাক্ষর | | |
| নাম | মোঃ মিজানুর রহমান মোল্লা | . |
| পদবি | উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) | |
| জাতীয় পরিচয়পত্র নং | | |
| উপস্থিত ব্যক্তির নাম | | |
| | জি এম রাকিব হাসান<br>ব্যবস্থাপক ((সংগ্রহ) | |
| | মোঃ জুলফিকার হায়দার<br>ব্যবস্থাপক (জনসংযোগ) | |